



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০

(সংরক্ষণ শাখা, সার ব্যবস্থাপনা বিভাগ)

www.badc.gov.bd

স্মারক নং-১২.২৪৩.০১৮.০১.০১.০০৩.২০০০-

২১৩

তারিখঃ

০৫

ভাদ্র ১৪২৪ বঙ্গ।

২০

আগষ্ট ২০১৭ খ্রিঃ।

সিনিয়র সচিব  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা ১০০০।

দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)

বিষয়ঃ নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার আটি ও আজিবপুর মৌজায় বিএডিসি'র অনুকূলে এল.এ কেস নং- ২৭/৭৮-৭৯ এর মাধ্যমে অধিগ্রহণকৃত ৯.০৫ একর জমির গেজেট নোটিফিকেশন প্রসঙ্গে।

সূত্রঃ গত ০৭ জুন ২০১৭ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত "টাস্কফোর্স" এর ৫২ তম সভায় গৃহিত সিদ্ধান্ত।


মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১০,০০০ মেঃ টন ধারণক্ষমতাসম্পন্ন সার গুদাম ও স্থাপনা নির্মাণের নিমিত্তে এল.এ কেস নং-২৭/৭৮-৭৯ মূলে নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার আটি ও আজিবপুর মৌজায় অবস্থিত ৯.০৫ একর জমি বিএডিসি'র অনুকূলে অধিগ্রহণ করা হয়। তৎকালীন জেলা প্রশাসক কর্তৃক ১৯৮০ সালে একবার এবং ১৯৮১ সালে আরও একবার নেট দুইবার জমির মালিকগণকে প্রদানের জন্য ক্ষতিপূরণ বাবদ প্রয়োজনীয় অর্থের প্রাক্কলন প্রণয়ন করে বিএডিসি বরাবরে প্রেরণ করা হয় (পরিশিষ্ট-১)।

২. বিএডিসি কর্তৃক উল্লিখিত প্রাক্কলন অনুযায়ী, ১৯৮০ সালে পূবালী ব্যাংক লিমিটেড এর চেক নং-০৭৯২০১ তারিখঃ ২৫/০৬/১৯৮০, মূলে ৬,৬৪,৪১৪.৮০ (ছয় লক্ষ চৌষট্টি হাজার চারশত চৌদ্দ টাকা আশি পয়সা) এবং ১৯৮১ সালে পূবালী ব্যাংক লিমিটেড এর চেক নং-২০৩২০৫ তারিখঃ ১৬/০৪/১৯৮১ মূলে ১৪,৯৮৬.৮০ (চৌদ্দ হাজার নয়শত ছিয়াশি টাকা আশি পয়সা), সর্বমোট ৩,৭৯,৪০১.৬০ টাকা (ছয় লক্ষ উনত্রিশ হাজার চারশত এক টাকা ষাট পয়সা) টাকা পরিশোধ করা হয়। তৎপ্রেক্ষিতে ১১ এপ্রিল ১৯৮১ সালে জেলা প্রশাসক কর্তৃক বিএডিসি বরাবরে ৯.০৫ একর জমির পঞ্জেশন বুঝিয়ে দেয়া হয় (পরিশিষ্ট-২)। কিন্তু অনাবধি উল্লিখিত জমি বিএডিসি'র অনুকূলে গেজেট নোটিফিকেশন জারি করা হয়নি।

৩. এমতাবস্থায়, অধিগ্রহণকৃত ৯.০৫ একর জমি বিএডিসি'র অনুকূলে গেজেট নোটিফিকেশন জারির বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

একান্তভাবে আপনার,

  
(মোঃ ওমর ফারুক)

সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা)

বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৪৩৭০

e-mail: mdfertilizer@badc.gov.bd

সংযুক্তিঃ বর্ণনামোতাবেক।

অনুলিপিঃ

১. উপ-সচিব, আইন অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২. যুগ্ম সচিব (সারঃপঃ), সাধারণ পরিচর্যা বিভাগ, বিএডিসি, ঢাকা।

৩. যুগ্ম পরিচালক (সার), বিএডিসি, ঢাকা।

৪. উপ-সচিব (আইন), বিএডিসি, ঢাকা।

৫. প্রোগ্রামার (আইসিটি সেল), মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

৬. অফিস কপি।